



### সাধারণ সেবা বিভাগ

সূত্র-১/১২/২০৭/ ১৬৭৪

তারিখঃ ১০ মার্চ ২০২২ খ্রি:

সকল আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
সকল শাখা ব্যবস্থাপক  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক


**বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন প্রসংগে।**

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ দেশব্যাপী উদযাপন বিষয়ে জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরই আলোকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং সুচারুভাবে সম্পাদনের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। আঞ্চলিক ব্যবস্থাপক, ঢাকা এবং ঢাকা অঞ্চলাধীন সাভার ও আশুলিয়া শাখার সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রধান কার্যালয়ের টিমের সাথে ২৬ মার্চ ২০২২ তারিখ সকাল ৭.৩০ মিনিটে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের জন্য অনুরোধ করা হলো।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ এ রাষ্ট্রীয়ভাবে নির্ধারিত প্রতিপাদ্য  
“ বঙ্গবন্ধুর জন্মদিনের অঙ্গীকার  
সকল শিশুর সমান অধিকার”

সম্বলিত ফেস্টুনের নমুনা আপনাদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে যা স্থানীয়ভাবে তৈরী করে স্ব স্ব কার্যালয়ে ১৭ মার্চ ২০২২ তারিখের পূর্বেই প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

  
মো: মনজুরুল হক  
সহকারী মহাব্যবস্থাপক

ই-মেইল: [avubcsd@gmail.com](mailto:avubcsd@gmail.com)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

- ১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ও উপ-পরিচালক (ওয়েল ফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিষয়টি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য আইসিটি বিভাগকে অনুরোধ করা হল।
- ৬। নথি/সহানথি।